


ভর্তি বিজ্ঞপ্তি

ডি-ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩য় পর্যায়ে কোটায় ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের জ্ঞাতব্য

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডি-ইউনিটের অধীনে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে যে সকল ছাত্র/ছাত্রী উপজাতি, অ-উপজাতি এবং মুক্তিযোদ্ধা কোটায় ৩য় পর্যায়ে ভর্তির জন্য নির্বাচিত ভর্তি প্রার্থীদের ফলাফল নিম্নে প্রকাশ করা হল। ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের আগামী ২৭.০২.২০১৮ থেকে ২৮.০২.২০১৮ তারিখের মধ্যে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য মনোনীতদের নিজ স্বাক্ষরসহ এক কপি ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম, বিভাগ পছন্দের ফরম, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস. এস. সি.ও এইচ. এস. সি. / সমমানের মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল মার্কশীট এবং অন্যান্য মূল সনদ ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ অফিসে জমা দিতে হবে। যারা নির্দিষ্ট তারিখে অনুষদ অফিসে উপরোক্ত কাগজপত্রসহ 'অনুষদ উন্নয়ন' ফি বাবদ ৫০০/- (পাঁচশত টাকা), 'শিক্ষা সহায়ক' ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে ভর্তির ক্ষেত্রে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা জমা দিতে ব্যর্থ হবে পরবর্তীতে তাদের কাগজপত্র জমা নেয়া হবে না এবং তাদের ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। এই ফলাফলের যে কোন ধরণের পরিবর্তন কিংবা সংশোধনের ক্ষমতা ডি-ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ভর্তি প্রার্থীদের নিজ দায়িত্বে চ. বি.ওয়েবসাইট থেকে (<http://admission.eis.cu.ac.bd>) সর্বশেষ তথ্য সংগ্রহের জন্য বলা হচ্ছে।



(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহমেদ)

ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ

ও

সমন্বয়কারি, ডি-ইউনিট ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। মাননীয় উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ২। মাননীয় উপ-উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল অনুষদের ডিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৫। সভাপতি, অর্থনীতি/রাজনীতি বিজ্ঞান/সমাজতত্ত্ব/লোকপ্রশাসন/নৃবিজ্ঞান/আন্তর্জাতিক সম্পর্ক/যোগাযোগ ও সাংবাদিকতা।
- ৬। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৭। কো-অর্ডিনেটর, আই সি টি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৮। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চ. বি. (বিভিন্ন আঞ্চলিক ও জাতীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, চ. বি.
- ১০। বিজ্ঞপ্তি ফলক, সমাজ বিজ্ঞান অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।